গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়
স্বাস্থ্য সেবা বিভাগ
প্রশাসন-১ অধিশাখা
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
www.mohfw.gov.bd

স্মারক নং-৪৫.০১.০০০০.১৪০.১১.০০৩.১৮- ১২৭১

তারিখঃ ০৪ নভেম্বর ২০১৮ খ্রিস্টাব্দ
২০ কার্তিক ১৪২৫ বঙ্গাব্দ

বিষয়ঃ সিভিল সার্জন কার্যালয়, শেরপুর ও তার নিয়ন্ত্রণাধীন প্রতিষ্ঠানসমূহে রাজস্বখাতভুক্ত ৪র্থ শ্রেণির কর্মচারীদের ২০১৮-২০১৯ অর্থ বছরের জন্য আউট সোর্সিং এর মাধ্যমে জনবল নিয়োগের প্রশাসনিক অনুমোদন

সূত্রঃ (১) স্বাস্থ্য অধিদপ্তরের স্মারক নং-স্বাঃঅধিঃ/প্রশা-২/মেকহা/ইঃহাঃ/সিএস অন্যান্য আউট সোর্সিং-১৩/২০১৮/১৯৩৮, তারিখঃ ২৫/০৪/২০১৮খ্রিঃ
(২) সিভিল সার্জন কার্যালয়, শেরপুর কার্যালয়ের স্মারক নং-সি,এস/শের/প্রশা/২০১৮/২৭৯৮, তারিখঃ ০৩/১০/২০১৮খ্রিঃ

উপর্যুক্ত বিষয় ও সূত্রোক্ত স্মারকসমূহের পরিপ্রেক্ষিতে স্বাস্থ্য অধিদপ্তরাধীন সিভিল সার্জন অফিস, শেরপুর ও তার নিয়ন্ত্রণাধীন প্রতিষ্ঠানসমূহে বিভিন্ন ক্যাটাগরির নিম্নে বর্ণিত ৩৫টি পদে বিজ্ঞ আদালতের কোন আদেশ দ্বারা বারিত না হলে নিম্নোক্ত শর্তে ২০১৮-২০১৯ অর্থ বছরের জন্য আউট সোর্সিং এর মাধ্যমে জনবল নিয়োগের প্রশাসনিক অনুমোদন নির্দেশক্রমে প্রদান করা হলঃ

ক্রমিক নং	প্রতিষ্ঠান/হাসপাতালের নাম	পদের ক্রমিক নং	পদের নাম	শূন্য পদের সংখ্যা	মন্তব্য (স্বাস্থ্য অধিদপ্তর হতে প্রাপ্ত তথ্য অনুযায়ী)
১	সিভিল সার্জন অফিস, শেরপুর ও তার নিয়ন্ত্রণাধীন প্রতিষ্ঠানসমূহ।	১	অফিস সহায়ক	০৭	নিয়োগবিধি-২০১৮ অনুযায়ী পদ গুলি আউট সোর্সিং এর মাধ্যমে পুরণযোগ্য এবং স্থায়ী রাজস্বখাতভুক্ত।
		২	ওয়ার্ড বয়	০৫	
		৩	বাবুর্চি	০৬	
		৪	মালী	০১	
		৫	নিরাপত্তা প্রহরী	০৮	
		৬	পরিচ্ছন্নতা কর্মী	০৮	
			মোট ৩৫টি		

শর্তাবলীঃ

(১) আউট সোর্সিং (Out Sourcing)' এর মাধ্যমে "সেবা গ্রহণ নীতিমালা-২০০৮" এবং এতদসংক্রান্ত সকল বিধি-বিধানসহ অর্থ বিভাগের ২৭.০১.২০১৬খ্রিঃ তারিখের ০৭.১৫৩.০১৫.০৭.০০.০২.২০০৭-২৮ সংখ্যক পরিপত্রের নির্দেশনা অনুসরণ করতে হবে;
(২) প্রাপ্ত প্রস্তাবে শূন্য পদে সংখ্যায় এবং অন্যান্য তথ্যে কোন গরমিল/তারতম্য পরিলক্ষিত হলে সেক্ষেত্রে নিয়োগকারী কর্তৃপক্ষ এবং তথ্য প্রদানকারী কর্মকর্তা দায়ী থাকবেন;
(৩) সংশ্লিষ্ট প্রতিষ্ঠানের সাংগঠনিক কাঠামো/পদ সৃজনের জিওতে যদি কোন পদ অন্তর্ভুক্ত না থাকে, সেক্ষেত্রে জনবল নিয়োগ করা যাবে না;
(৪) আউট সোর্সিং এর মাধ্যমে নিয়োজিত কর্মচারীদের বেতন-ভাতা প্রদানের ক্ষেত্রে অর্থ মন্ত্রণালয়ের নির্দেশনা প্রযোজ্য হবে;
(৫) জনবল নিয়োগের ১৫ কার্য দিবসের মধ্যে স্বাস্থ্য সেবা বিভাগকে অবহিত করতে হবে।
(৬) ছাড়কৃত ৩৫টি পদের মধ্যে কোন পদে পূর্বে ছাড়পত্র গ্রহণ করা হলে বা নিয়োগ কার্যক্রম চলমান থাকলে ক্ষেত্রে জনবল নিয়োগ করা যাবে না;
(৭) পদের বিরুদ্ধে মামলা থাকলে জনবল নিয়োগ করা যাবে না।

(শাহিনা খাতুন)
উপসচিব
ফোনঃ ৯৫৭৭৯৮৫
sasadmin1@mohfw.gov.bd

বিতরণঃ

১। মহাপরিচালক, স্বাস্থ্য অধিদপ্তর,মহাখালী, ঢাকা
দৃষ্টি আকর্ষণঃ পরিচালক (প্রশাসন)
২। সিভিল সার্জন, শেরপুর

অনুলিপিঃ

১। মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়
২। সচিব মহোদয়ের একান্ত সচিব, স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়
৩। মাননীয় প্রতিমন্ত্রীর একান্ত সচিব, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়
৪। সিষ্টেম এনালিষ্ট, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয় (মন্ত্রণালয়ের ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)
৫। অতিরিক্ত সচিব (প্রশাসন) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়